

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 19-11-2025

Time: 1.40 P.M.

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি এস আই আর এর অগ্রগতি খতিয়ে দেখতে পশ্চিমবঙ্গ সফররত নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল আজ নদিয়ার কৃষ্ণনগরে কালেক্টরেট মিটিং হলে বৈঠক করছেন।

এই দলের নেতৃত্বে আছেন ভারতের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী। সঙ্গে আছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল প্রমুখ। জেলার নিবিড় ভোটের তালিকা সংশোধনের কাজ নিয়ে নদিয়ার জেলাশাসক অনীশ দাশগুপ্ত, জেলার নির্বাচন নিবন্ধন আধিকারিক, সহকারি নির্বাচন নিবন্ধন আধিকারিক সহ উচ্চ পদস্থ কর্মীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

বিকালে মুর্শিদাবাদের বহরমপুরে জেলা নির্বাচনী আধিকারিক এবং অন্য অধিকর্তাদের সঙ্গে বৈঠকের কর্মসূচি রয়েছে প্রতিনিধি দলের।

গতকাল সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের প্রতিনিধি দলের সদস্যরা মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কলকাতার উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক এবং ERO দের সঙ্গে নিয়ে বৈঠক করেন। সেখানে স্পষ্টভাবে জানানো হয়, মৃত ও স্থানান্তরিত বা ভুল ভোটারের নাম কোনও অবস্থাতেই ভোটের তালিকায় থাকা চলবে না।

নদীয়ার তেহট - এ এক শিশু সহ তিন বাংলাদেশি নাগরিককে আজ আদালতে তোলা হয়েছে। তেহট - এর ছিন্নমস্তা মন্দির সংলগ্ন এলাকায় ওই তিনজনকে সন্দেহ জনক ভাবে ঘোরা ফেরা করতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়। দালালের মাধ্যমে তারা ভারতে প্রবেশ করে বলে পুলিশ সূত্রের খবর।

রাজ্যে প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষক নিয়োগের আবেদন প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। ১৩ হাজার ৪২১ টি শূন্য পদের জন্য আজ থেকেই অনলাইনে আবেদন করা যাবে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, TET উত্তীর্ণ যোগ্য প্রার্থীরা সরকার অনুমোদিত ও সরকার পোষিত প্রাথমিক বিদ্যালয় এবং জুনিয়র বেসিক স্কুলে সহকারী শিক্ষক পদে আবেদন জানাতে পারবেন। এছাড়া রাজ্য সরকার এসএসসি সহ সব মিলিয়ে প্রায় পঞ্চাশ হাজার শূন্য পদে শিক্ষক নিয়োগ করতে চলেছে বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

এদিকে, স্কুল সার্ভিস কমিশন আগামী ২৬ নভেম্বর একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ইন্টারভিউ প্রক্রিয়া শুরু করবে। আঞ্চলিকভাবে ইন্টারভিউ হবে। তার বিস্তারিত তথ্য দ্রুত জানানো হবে। এসএসসি জানিয়েছে, একাদশ দ্বাদশের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় প্রথম ইন্টারভিউ হবে বাংলা ও ইংরেজি বিষয়ে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর ১০৮ তম জন্মবার্ষিকী উদযাপিত হয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধে তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন। ইন্দিরা গান্ধী ছিলেন ভারতের একমাত্র মহিলা প্রধানমন্ত্রী।

ইন্দিরা গান্ধীর জন্মদিন উপলক্ষে প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত অনুষ্ঠানে ইন্দিরা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। এই উপলক্ষে ইন্দিরা গান্ধী

মেমোরিয়াল ফাউন্ডেশন ও কলকাতা পুরসভার যৌথ উদ্যোগে বিড়লা তারা মণ্ডলের বিপরীতে একুশে উদ্যানে আয়োজিত অনুষ্ঠানে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

আজ বিশ্ব শৌচাগার দিবস। এই উপলক্ষে, নদীয়ার কল্যাণী এইমসে এক সচেতনতা মূলক কর্মসূচির আয়োজন করা হয়। সেখানে পরিচ্ছন্ন ব্যবস্থাপনার ওপর গুরুত্ব তুলে ধরা হয়। আয়োজন করা হয় এক আলোচনা সভা এবং কুইজ প্রতিযোগিতার। সঠিক শৌচাগার ব্যবস্থা না থাকায় বহু মানুষ ডায়রিয়া, কলেরা, টাইফয়েডের মতো সংক্রমণে আক্রান্ত হচ্ছেন। বিশেষজ্ঞরা পরিচ্ছন্ন শৌচাগার ব্যবহার ও হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার পরামর্শ দেন।

অন্যদিকে, হাওড়ার শরৎ সদনেও আজ বিশ্ব শৌচাগার দিবস উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

নামখানাগামী শিয়ালদা লোকাল আজ বেলা ১২ টা নাগাদ অগ্নির জন্য দুর্ঘটনার কবল থেকে রক্ষা পেয়েছে। শিয়ালদা দক্ষিণ শাখার নামখানা লাইনের করঞ্জলি এবং নিশ্চিন্তপুর স্টেশনের মাঝে বেলপুকুরের কাছে লেভেল ক্রসিং না থাকায় একটি সিমেন্ট বোঝাই ভ্যানের সঙ্গে সংঘর্ষ হয় ঐ নামখানাগামী লোকাল ট্রেনটির। দুর্ঘটনার জেরে কিছুক্ষণ রেল চলাচল বন্ধ থাকে।

পূর্ব বর্ধমানের মেমারির দেবীপুর অঞ্চলের পূর্ব কাশিয়ারা গ্রামে পুকুরে ডুবে একই পরিবারের দুই শিশুর মৃত্যু হয়েছে। গতকাল বিকেলে সৌভিক ও সুজিত হাজারা নামে ওই দুই শিশু, খেলতে খেলতে বাড়ি সংলগ্ন পুকুর পাড়ে চলে যায়। কিছুক্ষণ পর শিশু দুটিকে দেখতে না পেয়ে খোঁজখুঁজি শুরু করেন পরিবারের লোকেরা। এরপর তাদের দেহ পুকুরের জলে ভাসতে দেখা যায়।

কিংবদন্তী গীতিকার, সুরকার, সঙ্গীত পরিচালক ও নাট্যকার সলিল চৌধুরীর আজ জন্মদিন। জন্ম শতবর্ষে তাঁর প্রতি গভি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। দীর্ঘ ৭ দশক যন্ত্রণা ক্লিষ্ট, খেটে খাওয়া মানুষের জীবনের কথা তিনি তুলে ধরেছেন অবিস্মরণীয় ভাবে। তাঁর জন্মদিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, তাঁর প্রতিটি গান এখনও প্রাণের স্পন্দন জাগিয়ে তোলে। সম্প্রতি শেষ হওয়া ৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে তাঁর শতবর্ষ উদযাপন করা হয়েছে তারও উল্লেখ করেছেন তিনি।

আবহাওয়া দপ্তরের পূর্বাভাস মতই রাজ্যের সব জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা সামান্য বেড়েছে। এর ফলে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শীতের আমেজ উধাও হচ্ছে। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক এক ডিগ্রি কম। বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রাও। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে সামান্যই কম।

রাজ্যের বাকি জেলাতেও চিত্র কিছুটা একই। উত্তরবঙ্গের দার্জিলিংয়ে শুক্র ও শনিবার নাগাদ হালকা বৃষ্টি হতে পারে।

এদিকে চলতি সপ্তাহের শেষের দিকে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

জলপাইগুড়ি থেকে আজ ফের কাঞ্চনজঙ্ঘার দেখা মেলায় পর্যটকদের মধ্যে বিশেষ উৎসাহ লক্ষ্য করা যায়। আজ ভোরে জলপাইগুড়ি শহরের স্পোর্টস কমপ্লেক্স করলা নদী সংলগ্ন এলাকা, রাজবাড়ী, জলপাইগুড়ি রোড স্টেশন, পাহাড়পুর, মোহিতনগর সহ বিভিন্ন এলাকা থেকে ঝকঝকে পাহাড় ও চির তুষারাবৃত কাঞ্চনজঙ্ঘার দেখতে পাওয়া যায়। তিস্তা পাড়ের শহর থেকে ঘুমন্ত বুদ্ধের ছবি তুলতে ভিড় জমান সকলে।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।
